

“উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়)” প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং-৫৭০৩.০৩.০০০০.০৭০.০৮৫.১১.০১.২১-৯৩১

তারিখ : ২৫ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
০৯ মে ২০২২ খ্রি

নিয়োগ বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা অধিদপ্তরের “উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়)” প্রকল্পে বর্ণিত পদে প্রকল্পের মেয়াদকালীন (ডিসেম্বর ২০২৪) জনবল নিয়োগ করা হবে। এ উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম ও বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬) বেতনক্রম = ৯,৩০০-২২,৪৯০/-	০১টি	(ক) এইচএসসি/সমমানের ডিগ্রীসহ কোন সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার অপারেশন (এমএস অফিসসহ)-এর উপর ট্রেনিংপ্রাপ্ত হতে হবে।

শর্তাবলী :

- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক চাকুরির নির্ধারিত ০১ (এক) পাতার আবেদন ফরম নিজ হাতে পূরণ করে অথবা কম্পিউটারে কম্পোজের মাধ্যমে আবেদন করতে হবে। ওয়েবসাইট www.forms.gov.bd হতে চাকুরির আবেদন ফরমটি ডাউনলোড করা যাবে।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :
 - সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ, দক্ষতা/অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র এবং সম্প্রতি তোলা ০৪ (চার) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
 - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়ার/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - প্রকল্প পরিচালক, “উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়)” প্রকল্প কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবরে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা কোড নম্বর “১-৩৭০৩-০০০০-২০৩১” এ বাংলাদেশ ব্যাংক/বাংলাদেশ ব্যাংক অনুমোদিত সোনালী ব্যাংকের যে কোন শাখায় ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে। চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 - খামের উপরে পদ ও পত্র প্রাপ্তির ঠিকানা লেখা ১০ (দশ) টাকা মূল্যানের ডাকটিকেটসহ অব্যবহৃত ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- চাকুরীর প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্র ১৬/০৬/২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রকল্প পরিচালক, “উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়)” প্রকল্প কারিগরি শিক্ষা অধিদপ্তর (৫ম তলা, কক্ষ নং-৫১২), এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর ঢাকা-১২০৭, বরাবরে ডাকঘোণে/সরাসরি পৌছাতে হবে। অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৩০/০৮/২০২২ তারিখে আবেদকারীর বয়স ১৮ হতে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স সম্পর্কিত কোন এফিডেভিটি প্রাপ্তযোগ্য নয়।
- সরকারি বিধি মোতাবেক লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- প্রার্থীকে Computer Standard Aptitude Test (ব্যবহারিক) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- যোগ্য প্রার্থীদেরকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য তারিখ ও স্থান সংবলিত প্রবেশপত্র প্রার্থীর ফেরত খামে বর্ণিত ঠিকানায় প্রেরণ করা হবে।
- লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি/ডি/এ প্রদান করা হবে না।
- বর্ণিত শর্তাবলীর যে কোন অংশ সংশোধনসহ আবেদনপত্র গ্রহণ/বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- উপরে উল্লিখিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধানাবলি প্রযোজ্য হবে।

(ড. সৈয়দ মাসুম আহমেদ চৌধুরী, এনডিসি)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ০২-৫৮১৫৪৩২৩

E-mail : -329ts.pd@gmail.com